



SMFWBEE-2018

ওয়েস্ট বেঙ্গলে বিভিন্ন প্রতিষ্ঠানে প্যারা মেডিক্যাল পাঠক্রমে ভর্তির ওয়েব ভিত্তিক অনলাইন কাউন্সেলিং পদ্ধতি

ওয়েব ভিত্তিক অনলাইন কাউন্সেলিং-এর জন্য স্টেপ বাই স্টেপ পদ্ধতি

- ১। ওয়েব সাইটে অনলাইন কাউন্সেলিংএর জন্য রেজিস্ট্রেশন (কেবল মাত্র একবারের জন্য)।
- ২) অনলাইনে ১০০ টাকা কাউন্সেলিং ফি (কেবলমাত্র অনলাইন-এর মাধ্যমে -) অফেরৎযোগ্য
- ৩) সিট ম্যাট্রিক্স/পাঠক্রম/ সংগঠন প্রোফাইল সতর্কতার সঙ্গে পড়ে চয়েস নির্বাচন
- ৪) চয়েস পূরণ ও চয়েস লক করা (চয়েস লক করার আগে সতর্ক হতে হবে) একবার লক হয়ে গেলে কোন অবস্থাতেই চয়েস আর পরিবর্তন করা যাবে না। যদি চয়েস সেভ করা থাকে কিন্তু লক না করা হয় তবে শেষ তারিখের আগে সেভ করা চয়েস স্বয়ংক্রিয় ভাবে লক হয়ে যাবে।
রেফারেন্সের জন্য চয়েস পূরণ করা স্টেটমেন্টের প্রিন্ট কপি বার করে নিন।
- ৫) প্রথম রাউণ্ডের সিট অ্যালটমেন্ট
- ৬) যদি মেরিট অনুযায়ী একটি পূরণ করা চয়েস অ্যালট করা হয় ছাত্রদের অ্যাকসেসপ্ট বাটন ক্লিক করে তাদের সম্মতি কনফার্ম করতে হবে। একবার গৃহীত হয়ে গেলে তাদের ভর্তি ফি ১৫,০০০ টাকা জমা দেওয়ার জন্য ও ওই সিট বুক করার জন্য পেমেন্ট গেটওয়েতে নিয়ে যাওয়া হবে ও তার কাউন্সেলিং সম্পূর্ণ হবে। যদি সে অ্যালটমেন্ট প্রত্যাখ্যান করে তবে সে পরবর্তী রাউণ্ডের কাউন্সেলিং থেকে বরাবরের জন্য বাদ পড়ে যাবে।
- ৭) অ্যালটমেন্ট লেটারের একটি সাময়িক প্রিন্ট কপি নিন।
- ৮) সাময়িক অ্যালটমেন্ট লেটারে উল্লেখ করা নির্দিষ্ট তারিখ, সময় ও স্থানে সব প্রয়োজনীয় ডকুমেন্ট সহ ডিভি সেন্টারে ডকুমেন্ট পরীক্ষার জন্য রিপোর্ট করুন
- ৯) ২য়/৩য়/৪র্থ রাউণ্ডের সিট অ্যালটমেন্ট

- ১০) নতুন অ্যালট করা ছেলেদের উপরের ৬, ৭ ও ৮ ধাপগুলি অনুসরণ করতে হবে
- ১১) নির্দিষ্ট করে দেওয়া দিনের মধ্যে কেবল নতুন প্রার্থীদের কাউন্সেলিং পদ্ধতির জন্য রেজিস্টার করতে হবে। যাদের আগেই রেজিস্টার করা হয়ে গিয়েছে তাদের আর দরকার নেই।
- ১২) যেসব প্রার্থীদের রাউণ্ডগুলিতে সিট অ্যালটমেন্ট হয় নি, তাদের আর কিছু করার নেই। তাদের যদি কোন 'শূন্যস্থান' হয় সে জন্য পরবর্তী রাউণ্ডের জন্য মেরিট অনুযায়ী অপেক্ষা করতে হবে।
- ১৩) ডকুমেন্ট পরীক্ষার পর ছাত্ররা অ্যালট করা প্রতিষ্ঠান/কলেজ গুলিতে ভর্তির জন্য রিপোর্ট করবে।

নোট করুন: ৬ নং পয়েন্ট অনুযায়ী প্রার্থীরা "অ্যাকসেপ্ট ও অটো-আপগ্রেড" করার একটা বিকল্প পাবে। এটির অর্থ হল সে যদি একবার ১৫,০০০ টাকা ভর্তি ফি অনলাইনে দিয়ে দেয় ও অ্যাকসেপ্ট করে তবে সে তার বর্তমান অ্যালটমেন্ট ব্লক করে দিতে পারে ও হায়ার প্রেফারেন্স পেতে পরবর্তী রাউণ্ডে আপগ্রেডের জন্য অপেক্ষা করতে পারে, যদি তার চেয়ে উচ্চ স্থান পাওয়া কেউ তার অ্যালটমেন্ট বাতিল করে বা কাউন্সেলিং পদ্ধতি থেকে বেরিয়ে যেতে পছন্দ করে বা আপগ্রেড পায়। তবে এই অপশন একবারই কাজে পরিণত করা যাবে। যদি অপশন নেওয়া হল ও নতুন সিট অ্যালট করা হল তবে তাকে বর্তমান সিটটি ছেড়ে দিতে হবে। মনে রাখুন যে এটি একটি সম্ভাবনা, নির্দিষ্ট কিছু নয়।
